এত করে যে সামান্য কিছ, তারা পেয়েছে তাব জনাও আবার দালালি দিতে হয়েছে। কিন্তু এ াকায় তাদেব কিছুই স্থায়ী লাভ হয়নি। এ তারা থেয়ে ফেলেছে। এইসব বাস্তৃহারাদের সম্বন্ধে আমাব বস্তব্য হচ্ছে—এদের কাজ দিতে না পারলে নগদ টাকা দিয়ে কতদিন বাঁচিয়ে রাখা যাবে। কাপড়ের কল, ছোট বড় কারখানা করে এদের কাজ দিতে হবে। যাদের পূর্বে শিক্ষা **দেয়া হল** তারা এমন কোন শিক্ষা পেল না যা দিয়ে নিজের পাযে দাঁড়িয়ে কাজ করে খেয়ে থাকতে পারে। যে ক'দিন ভাতা পেল সে ক'দিন চলল। কিন্তু এমন কোন শিক্ষা পেল না যাতে হাতে কলমে কাজ করে খেয়ে থাকতে পারে। কাঁচড়াপাড়া ফেঁশন থেকে ৩ মাইল দরে ৪ কাঠা জামর উপর ২,৬২৭টী পরিবারকে ডেরা তুলে দিলেই কাজ চুকে যায না। আর তাদের शास्त्र किছ, किছ, प्रोका मिलाई प्रकलाई जाता किছ, বাবসা করে খেয়ে থাকতে পাবে না, এ ক্ষেত্রে হয়েছেও তাই। হাতে প'्रीक তাদেব অনেক দিনই ফ্রিয়েছে। এখন তাদের ছাপবাব টিন বিক্রী আবন্ড হয়েছে। না থেয়ে থেয়ে দেহ তাদের কংকালসাব হয়েছে। তাদের কথা আমি যখন আলোচনা করছি তাদেও ছবি আমাব চোথের সান্দে ভাসছে। যে ভদুলোকের বাড়ীতে আমি বসেছিলাম, সে সম্য তিনি স্বে মাত্র গ্রাম থেকে ফিরে এসেছেন, গ্রামধাসীদের ক্ষেত্তের পাট কেটে. ও ক্ষেতে নিডান কবে কোনও বকমে তাঁব দিন গজেবাণ করতে হয়। যেদিন কাজ পাওয়া যায মেদিন সামানা কিছা জোটে, অনাথায় উপবাস। ভদ্ৰলোকেৰ বাকেৰ পজিৱগালি গণেতে পাৰা যায়। তাব ছোট ছেলেটী এসে কাছে দাঁড়ালো, তাবও ব্যক্তব পাঁজর বার হযে পড়েছে। তাবপর সেখানে আরো অনেকে याता এলেন--সকলকাবই ঐ একই দশা। তখন আমার মনে হল বহুদিনের অনাহাবক্রিষ্ট ব্রভক্ষ্ একদল লোক আমায় ঘিরে ধরেছে। গাঁড়ির একটা ভাত টিপলেই যেমন সমস্ত ভাতের খবর পাওয়া যায তেমনি ঐ কলোনীর অবস্থা দেখে সবগালি करलानौत मृगः कल्पना कता हरल। प्रवश्निवरे औ একই অবস্থা। আমার জেলাতে যে সব সবকারী কলোনী তৈরী হয়েছে আমি তাব প্রায় সব কটীতেই ঘুরোছ, সবগুলিরই ঐ একই অবস্থা। নাসরা কলোনীতে ৮৫০টী পরিবার। তার শতকবা ৫ জন মাত্র বাবসা কবে খায়, বাকি সকলে প্রায় উপবাসী। তাহেরপরে কলোনীতে এখন সব চাইতে বেশী লোক: ৩,৮০০ পবিবার, সেখানেও এই অবস্থা। যে জমির দর ৩০, টাকা বিঘার বেশী নয় সেই জমির দর ৩০০, টাকা বিঘা, সরকার থেকে কলকাডার জমিদার পি, এন, ঠাকুরকে দিয়ে, এদেব বসানো হয়েছে। দেনাটা অবশ্য বাস্তহারাদের ঘাডেই চেপেছে। नानान तकरम मर्ल्य मर्ल्य जारमत रव कर्छी करत होका দেরা হয়েছিল, সেই হাতের টাকা তাদের সকলেরই

আবার এর কিছ্ দিন পর কল্যাপীর জ্বলা প্ররাজ্ঞ
১৯৫১ সালের মে মাসে আবার ৪ থানি মৌজ্ঞা
জরদেব বাটী, সগ্ন্যা, রন্ধ্নাথপ্র, গোকুলপ্র
দশল করবার নোটিশ দিরেছেন। এথানে বে
সকল প্থানীর হিন্দ্রা একবার ঘর ভাগ্ণার
পর বসবাস করছিলেন তারা অতান্ত আতাঞ্চত
হয়ে উঠেছেন।

Motion of Address

# (At this stage the blue light was lit.)

স্যার, আমি সংক্ষেপ করে বল্ছি কিন্তু বলবাব আমার এখনো অনেক বাঁকি। একট্র সম্ম দিতে হবে। যাক, যাদেব কথা বলছি ভাঁবা সংখ্যায় ১০৪ ঘৰ, ভার মধে৷ প্রবিংগ হ:ত আগত বাস্ত্হাবা যাবা স্থানীয় হিন্দ্দের নিকট থেকে জংলা জায়গা কিনে বসবাস কবছেন তাদেব সংখ্যা হাচে ৬৬ ঘর। কল্যালীর গ্রীণ বেল্টের মধ্যে এ\*রা পড়েছেন আব এই গ্রীণ বেল্ট হচ্ছে সেই স্থান যেখান থেকে তরী-তরকারী, ডিম, দুধ ভাষী কল্যাণী সহরে আসার কথা। এক্ষেত্রেও আমার কথা হচ্ছে এই যে নিজেবা ১ একজনকেও বসবাস ঠিক মত করাতে পাবেননি, অথচ যারা নি**জের** চেণ্টায় নিজেবা গ্রাসাচ্ছাদনেব একটা ব্যবস্থা করে নিয়েছে তাদের অঙ্গ মারার কি প্রয়োজন ? ("এয়াট দিস্ভেউজ দি চীফ মিনিল্টার লেফ্ট হিজাসিট"।) চিফ মিনিন্টার চলে গেলেন, তাহ্নে আনার কি অরণ্যে রোদন করাই সার হবে। ওঁর এসব শোনা উচিত, ওঁর কল্যাণীর কথাই ত হচ্ছে।

এই কলাণী কাৰ কে : জানি না কার কলাণে এর প্রতিন্ঠা হবে। ডাঃ রায় বডলোক চেনেন তা জানি, ভার কিছু ঢাকা ঢাপা নেই। এই কল্যাণীর মধ্যেই দুই মাইল লম্বা এবং ৫০০ গঞ্জ ৮ওড়া যে একটা প্রকাণ্ড জলা আছে তার নাম হচ্চে কলিয়া বিল। এই বিলটী পেয়েছে কে শুনুনু এই বি**লটা** মালটী পারপাস সোসাইটীর তরফ থেকে চাওয়া হয়েছিল, তাঁবা পায়নি। তারপরে চাদমরি ফিসার-মেন কো-অপার্বেটিভা থেকে নেবার জনা বহা চেষ্টা করেছিল, যদিও তারা সব বাস্তৃহারা, কিন্তু তারা পেল না। তারপব কচিড়াপাড়া ক্যান্ত্রপ যে ৩০০ ঘর জেলে রয়েছেন তাদেবও ওটা দেয়া হয়নি তারা পেলে ভাদেব প্রবর্সতির সংযোগ হত তাবাও পেল না। পেলেন মন্ত্রীদের পেয়াবের লো**ক** জনৈক ধনী ব্যক্তি। বাস্তহারারা বললেন **এই** বারি মাত ২০ হাজার চীকা দিয়ে এটা ২০ বছরের লিজ্পেয়েছেন, তার চারধারের **জমিস**হ যে জমিব প্রতি কাঠার বাজার দর আজ ৮২০ টাকা। বিলের মজ্বত মার্ছ বিক্রী করেই তার টাকা উঠে গিয়েছে। সতেরাং বলতে হয় **গরীবের** সরকাব বটে " এই হচ্ছে সরকারী কলোনীর প্রতি ও দরিদ্রের প্রতি সর্কারের দরদের নম্না।

এখন বাস্তুহারাদেব টাকা কিবকমভাবে ল,ট হয়ে যাছে তার দ্'একটা উদাহরণ দিই। আমাদেব জেলায় নবশ্বীপেই বাস্তুহারাদের ভীড় সব চেরে বেশী। এখানে চলমান বাস্তুহারারদল, ইংরেজাতে যাকে বলে "ফ্রোটিং পপ্লেসন", সব সমরই আছেন এই নবশ্বীপ হল অন্যায়ভাবে বাস্তুহারাদের টাকা লাট্বার লীলাভূমি। দ্নিয়ার যত ঠক এখানে এসে জড় হরেছেন, এরমধ্যে আছেন বিশিষ্ট কংগ্রেস কম্মী, সরকারী রিলিফ অফিসার,

প্রায় ক্রিরেছে। বাইরের কোন র্জী রোজগার
কারেই নেই। অবিলন্দে তাদের কাজের কোন একটা
ব্যক্তা না করলে মৃত্যু তাদের আনবার্য। অথচ
তারা সকলেই আপনার আমার মত মধাবিত ঘরের
সক্তান, অনেকেরই বিদ্যা বৃদ্ধি আপনার আমার থেকে
কম নর, আপনার আমার মতন এম,এল,এ,—এমন কি
মন্ত্রী হবার বোগাতা তারা অনেকেই রাধেন, আজ তারা
সক্তান হারিয়ে বেকার হরেছেন, অদৃত্তের পরিহারে
আজ তারা পথেব ভিষারী। দেশ বিভাগ করে
ক্রাধীনতা লাভের বা কিছ্ দণ্ড এ'রাই বহন
করছেন। দেশ বিভাগের দারিছ তাদের নয়, দারিছ
সেই সব ধোকাবাজদের—

#### (Sj. Debendra Chandra Dey

তার মধ্যে আপনিও একজন!!) সেইজন্য এ'দের ক্ষতিপ্ৰণ কৰতে, ভালভাবে প্নৰ্সতি করতে দেশেব সরকার ন্যায়তঃ, ধর্মতঃ ও আইনতঃ বাধা। এবার কল্যাণীর কথায় আসা যাক। ১৯৪৩ সালের নভেম্বর মাসে যুদেধর অজ্ঞহাতে কাঁচডাপাডার নিকটবত্তী ২৬ থানি গ্রাম জোর কবে রিকুইজিসন করা হয়। নোটিশে বলা হয়েছিল---যুদ্ধ শেষ হবাব ৬ মাসের মধ্যে জমি ফেরং দেয়া হবে। ৬ মাসের প্রেতি ফেরং দেয়া হতে পারে--কিন্তু ৬ মাস কিছাতেই পেরিয়ে যাবে না। যাদের কাঁচা ঘর ছিল সেখানে, তারা কিছু কিছু ক্ষতিপ্রেণ পেল, কিন্তু যাদের পাকা বাড়ী ছিল, তাদের আজ দেয়া হবে, কাল দেয়া হবে বলে আজ পর্যানতও ৪ লক্ষ ৭০ হাজাব ক্ষতিপ্রেণের প্রাপ্য টাকা দেয়া হয়নি। সে সম্বন্ধে পশ্চিমবংগ সরকাব বলছেন কেন্দ্রীয় সরকার एनरान, आर रकन्ष्टीय अद्भवाव अम्भार्ग नीदव। फरान ঐ ২৬ থানি গ্রামেব অধিবাসীদের কন্টেব আব সীমা থাকল না। বহু লোক পথের ভিখারী হয়ে না খেরে ম'ল। ওদিকে যুখ্ধ শেষ হয়ে গেল, আর ১২।১২।৪৭ তারিখে সেই ২৬ খানি ল্লাম ভাতে সরকার ডিরিকুইজিসন কবে দিলেন, এবং এই মর্মে ইউনিয়ন বোডেব প্রেসিডেগ্টদের কাছে খবরও গেল। এ বিষয়ে, কোন তারিখের কত নম্বর নোটিশ, তার নকল আমাব কাছে আছে। তথনও পর্যাণত যারা নিশ্চিক হয়ে যার্যান, ভারা স্ব এসে তাদের জায়গা জামতে দখল নিল। কিন্তু হঠাৎ এর পর ১৯৪৯ সালের ৩রা মার্চ্চ ৫এর (১) ধারা মতে "ইন কণ্টিনুয়েন্স অফ্ পাওয়ার এই"এর বলে জনহিতকর কাঞ্চের অছিলায় বাংলা সরকার বহু স্থান দখল কবলেন। এই কাজটী সম্পূর্ণ বে-আইনী। "ভিরিকুইজিসন করা জমি আবাব "ইন কন্টিন্য়েন্স অফ্ পাওয়ার এক্টে" দখল করা চলে না, কিন্তু আমাদের গরীবের বন্ধ, বাংলা সরকার, গবীবদের ফাঁকি দেবাব জনা এই কাজ করেছেন। এই কাজ করার আসল কারণটা হচ্ছে কল্যাণী সহর এখানেই প্রতিষ্ঠা করে তারা প্রতি কাঠা ৮২০ টাকা দরে বিক্রী করছেন, আর আগেকার দর ৯০ টাকা করে বিঘা ভামির মালিকদের দিয়েই তারা খালাস। কিন্তু যদি "ইন কন্টিনুয়েন্স অফ্ পাওয়ার এক্টের" বলে জমি না নিতে পারেন তাহ'লে জমিগনুলি যাদের ছিল তাদের ৮২০ টাকা কাঠা অর্থাৎ ১৬,৪০০ টাকা প্রতি বিঘার দর দিতে হয়। যা তারা দিক্ষেন, তার ১৮২ গুল দিতে হর। সেইজনাই আমাদের সদাশর বাংলা সরকারের এই ঠকবান্দী। এইত গেল একটা।

[Sj. Haripada Chatterjee.]
তথাক্থিত বাস্তুহারা দরদী, সকলে এক হরে
গাড়াকল বসিরেছেন। (হাস্যা) একটা নম্না
শিচ্ছি,—আমি নিজে দায়িশ্ব নিরে বলছি,
সরজমিনে তদশ্ত করেই বলছি,—

Amendments to

(At this stage the red light was lit.)

Mr. Speaker: Order, order. Mr. Chatterji, your Party has given you your time and your time is up. How long will you take to finish your speech?

## Sj. Haripada Chatterjee:

আপনারই হাতে আছে। অবশ্য

we shall have to accommodate ourselves.

আমাকে এজনা একট্ সময় দিতে হবে। সক্ষ সক্ষ লোক যে দৃশ্দানা ভূগছে তাদের কথা আমাকে বলতেই হবে। আমি উম্বাস্ত্র সচিবকে বল্ছি, শুন্ন ভালো করে। কিছ্সিন দেখা গেল 'নদায়া ল্যান্ড ট্রান্ট্' বলে একটা সমিতি খাড়া হয়েছে। এতে এ, আর, ও, বিশিষ্ট কংগ্রেস্ কম্মী ও তথা-কথিত বাস্তুহারা দরদী 'ইন্ডল্ভড্"।

Sj. Jyoti Basu: Mr. Speaker, Sir, I have just got news that there are certain refugees from Howrah Station and Sealdah Station who have come here on deputation to the Refugee Minister, and since Police is there, I would suggest that if the Refugee Minister goes out and meets the representatives, I think they will be satisfied to place their demand before her.

Sjkta. Renuka Ray: I have already heard that there are some refugees outside. Perhaps Sj. Jyoti Basu is not aware that I have already arranged to meet their representatives.

[5-20—5-45 p.m.]

## Sj. Haripada Chatterjee:

"নদীরা লাাত ট্রাষ্ট" সাইন বোর্ড দিয়ে সহরে বর ভাড়া করে ছাপান ফর্ম নিরে বাস্তুহারাদের কল্যাণে বসে গেলেন। এরা কোন "রেজিন্টার্ড কো-অপারেটিড" বা লিমিটেউ, কো-পানী নর। মতলব মত গাড়ি। কো-পানী। হাজার হাজার চারা এদের মারফং বার হরে এল। "বোগাস" ছাপান আসল নামা মারফং জাম দেখিরে৯, "হাউস বিভিড জোন", "ক্মল ট্রেডার্স লোন", "বোগাস" লোক মারফং বার হ'ল। তারপার দেখা গেল "ক্লনীরা লাাণ্ড ট্রাষ্ট" অলতহিত। তার "সাইন বোর্ড"ও নেই, বরও নেই। তার কৃত কলোনীর কোন খোজার নেই। কিছ্ডাবন বেতে না বেতেই আবার সম্বিধ লিমিটেড খাড়া হলেন; নামটি সম্বিধ লিমিটেড বা

হরে "সিম্পেশ্বরী লিমিটেড" হলেই ভাল হত।
তাদেরও ঐ প্রকার কার্যা। আবার চূপ চাপ।
বদি কোন সাধ্ "এ,আর,ও"এর বাধা স্থিট করেন
তবে তাকৈ বস্পাল করা হবেই, এমনাক মিধ্যা
মোরেঘটিত চাচ্ছাও আনা হবে এবং সে চাচ্ছা মিধ্যা
মানা হলেও অনা অজ্হাতে বরধাস্তত করে হবে।
কোন বানিরে বলছিনে, এর সতাই নজির আছে।
কংগ্রেসীদের বাদ এই শত্তিই না থাকবে তবে আর
কিসের স্বরাজ। কিন্তু থাক কে কি করেছেন
সেকথার আমার দরকার নেই, আমি করেকটি ভূরো
কলোনীর দ্ভানত দেই। সরজমিনে তদনত করে
বা পেরেছি ভাই বলছি। যা বলাছি ভার বোল আনা
দায়িত্ব গ্রহণ করতে আমি প্রস্তুত আছি।

দত্তনগর কলোনী—এই লিষ্টটী অফিস থেকে টুকে নেওয়া (প্রদর্শন)। এখানে "পিটিসন" নম্বর বা "কেস" নম্বর দিয়ে ২০০টি পরিবারের নাম আছে। এরা প্রত্যেকে দন্তনগর কলোনীতে ৩ কাঠা করে জমির অধিকারী বলে জমি খরিদ ও বিলিডং লোন ৩৭৫ টাকা করে পেয়েছে এই লিম্টটি সাথে নিয়ে আমি দত্তনগর কলোনীতে খ্রুতে বার হলাম। নবস্বীপের বাবলারী ইউনিয়নে এই কলোনী থাকার কথা। বাবলারী ইউনিয়নের কেউ এর সন্ধান দিতে भारत ना। भारत এकखन वलालन "कालानी कालानी নয় মহাশয়, সব জনুয়াচুরী। ঐ শকুনের মাঠে বালির ঢিপির উপর করেক ঘর লোক আছে সেখানে খ'জন"। গ্রামের বাইরে এক মাইল দরে সভাই এক বালির চিবির উপব কয়েকখানি ছাপরা পেলাম। শেয়াল কাঁটার দু'একটা গাছ ছাড়া এখানে আর কিছুই জন্মায় না। তখন ঐ লিম্টখানি নিয়ে তাদের সং•গ মিলাতে বসলাম। লোকগালি বড় অসহায়, বহুদিন উপবাসী থাকলে যে রকম চেহারা হয় ঠিক তেমনি। লিন্টের মধ্যে যে নাম তার ১৫ ঘর মিলল। আর ৫ ঘর ওখানে নেই-তবে অন্যত্র আছে শ্রনলাম এবং ৪ খানি করে সর্ বাঁশের খাটি পোতা ৫টি স্থানও দেখলাম। খাটিগালিতে পাড় বাঁধা হয়েছে, কিন্তু উপরে টিন নেই। বাঁকী লোকের কোন হাদসও নেই, কাউকে ওরা চেনেও না। কোনদিন থাকলে তারা নিশ্চয়ই চিনত বলল। "বোগাস" লোকের নামে "লোন" বার হয়েছে পরিষ্কার বোঝা গেল। আসল নামগুলোর চৌহন্দি নেই। অফিস থেকে নেওয়া এই দেখন আমার কাছে আসলনামা আছে। ৫ বিঘা জ্বমিকে ৫০০ বিঘাও দেখান বেতে পারে। ঐ বালির গাড়ী **জ**মির ৩ কাঠা করে জমির দাম নাকি ৭৫ টাকা করে, যা বিনা পয়সারও কেউ নেয় না। আবার ৩ কাঠা জমির খাজনা ॥ 🖟 । যে লোকগুলি আছে, তাদের জলেরও कान সংस्थान तारे। এक मारेन मृत्र गित्र शास्त्र মধ্যে থেকে জল আনতে হয়। এই হ'ল দন্তনগর কলোনীর অবস্থা।

তারপর ঠাকুরদাস কলোনীতে গেলাম। ০নং মৌজা দেওরানগঞ্জ, সেখানে আরও চমংকার। একেবারে পৃকুর চুরি। সেখানে একজন লোকও নেই। "এইচ, বি, লোন" বেরিরেছে বটে কিম্পু এখানে বাড়ী দ্রের কথা ছাপরা করেও কেউ থাকতে পারে না। "ক্লাড লেভেল"এর নীচের কমি। দেশি দিবা মুশ্রী জমে আছে। পাশের উচ্ জমিতে পারু আছেন তাঁদের কাছে গেলাম। নামের লিষ্ট পড়লাম। তাঁরা বলকেন ঐ হাওলাদারগ্রিতির কেউ এখানে নেই। অনেক নাম ভূরো, আর বাঁরা আছেন

126

ভারা সব এদিকে ওদিকে। তাদের নাম দিরে মিথো করে জমি দেখিরে টাকা বার করে নেওরা হরেছে। টাকা বার হওয়া মাত্র, তাদের "কন্টোল"এ টিন কিনে দেব বলে, ইট গড়িরে দেব বলে, সে টাকাও কেন্দ্রে নেওয়া হয়েছে। বিনি এই মহং কাজ করেছেন ভারই জমি তাদের নামে এ জমি দেখিয়েই টাকা বার করা হয়েছে। এখন এমনভাবে মৃশ্রী ব্নেছেন যে আমাদের কুটীব থেকে বার হবার পথাট্কু পর্যন্ত নেই।

বাস্ত্হারাদের জন্য যে টাকা রায় হরেছে তা এই ভাবেই হয়েছে। "গ্রাচুইটাস রিলিফ"এর হাজার হাজার টাকা, "এ,আর,ও," কেরাণী এরা সব যোগসহকারে নিজেদের পকেটে প্রেছেন। "টেম্ট রিলিফ"এর বহ, টাকাও ঐর,পভাবে ভাগ বখরা হয়েছে। "মান্টার রোল"গ্রিল পরীক্ষা করলেই বোঝা যাবে। আর টাকার অপবায়ের ত সীমা নেই। ধ্র্লিয়াতে একটি প্রুর কাটতে প্রায় এক লক্ষ টাকা বায় কবা হয়েছে কিন্তু তাতে এক ফোটা জল

"এ,আর,ও," নিয়োগের সময় বাস্তহারাদের মধ্য থেকে সাধাবণতঃ লোক নেওয়া হয় না। আমাদের জেলায় যাঁরা নিয়ন্ত হয়েছেন তাঁদের সকলেই বিশিষ্ট কংগ্রেস নেতার স্থারিশে এসেছেন। এ'দের মধ্যে কতজন পদত্যাগ কবতে বাধ্য হয়েছেন, কতজন "সাস্পেন্ড" হয়েছেন এব একটা হদিস নিলেই অনেক গ্রেমার ফাঁক হরে। অনেক সময় হাস্যোল্দীপক কান্ড হয়েছে। বাণাঘাটে ব্পশ্রী মেয়েদের কান্তেপর স্পারিনটে ডেও নিযুৱ হলেন-চরিত্র সম্বন্ধে যাঁর থুব খ্যাতি সেই বিশিষ্ট স্বডিভিসানাল কংগ্রেসের কমী "ক্লাস সেভেন" বিদ্যা। পোষ্ট-গেল্লেটেড বকলমে কাজ চালাতে লাগলেন। তাঁর কেরাণী হলেন জনৈক কংগ্রেসের "এক্স-এসিসন্টান্ট সেক্লেটারী" একজন গ্রাজ্যেট। "ডিস্মিস্ড সিভিল সাপ্লাই अधिमात" वक्लास काछ ) ठालान आत रवनी जिन সম্ভব হ'ল না। তাছাড়া মেরেদের ক্যাম্পে অনেক গোলমাল স্রু হ'ল। তাঁর বিরুদ্ধে ভারত সরকারের ফাইনান্স ডিপার্টমেন্ট থেকে রিপোর্টও হ'ল। অতএব পদত্যাগ করতে বাধ্য হলেন। অবশ্য সংগ্র करश्चनीमामा मुधि वान ब्रुटे ह्याडाटक मिलान । এवर তিনি প্নরায় "সাবডিভিসনাল কংগ্রেস কমিটি"র সেকেটারী হলেন। এখানে উল্লেখযোগ্য গরেশপুর 'মাল্টিপাপাস সোসাইটি"র জন্যও তেহটু 'মাল্টি-পার্পাস সোসাইটি"র জন্য শত চেন্টা করেও নদীয়ার তদানীশ্তন "এগ্রাস্টান্ট রেজিম্বার" একখানি বাস রুট পাননি। প্রথমটিকে ডাঃ রার পর্যানত "প্রমিজ" করেছিলেন দেবেন বলে, কিন্তু তা সত্ত্বেও তারা পার্যান। তারপর ভ্রাতার কেরাণীটিব বির্দেধ "এস ডি আর ও " "এস ডি ও " "এ,ডি,এম," শ্রন্থতির 'কনফিডেন্সিরাল রিপোর্ট'' থাকা সত্ত্বেও তাঁকে "প্রমোসন" দিরে "আর ও" করা হ'ল—এটা

গে:জটেড পোষ্ট"। তার বিরুম্থে ছাস নেবার তিনখানি দরখাস্ত পায়রাডা৽গা, অশোক, এবং অনা কলোণী থেকে হ'ল এবং তাঁকে "ট্রানসফার" করা হ'ল। কিন্তু বিশিষ্ট কংগ্রেসীদাদার স্বুপারিশে সে আদেশ নাকচ করা হ'ল। তারপর জেলা ম্যাজিন্মেটের একটি জোর রিপোর্টে তাঁকে আলিপরে ভুয়ার্সে "ট্রানস্ফার" করা হ'ল। আলিপুর ভুয়ার্সে তখন যিনি "এস,ডি,ও," ছিলেন তিনি প্ৰেব রাণাঘাটে ছিলেন। তিনি এ'র কার্যকলাপ সবই জানতেন। সততার সঞ্গে কাজ করতে গিয়েছিলেন বলেই তাঁকেও একদিন বিশিষ্ট কংগ্রেসীর কোপে পড়ে আলিপ্র ভুরাসে বদিল হতে হরেছিল। তিনি ঐ খ্যাতনামা "আর,ও,"টিকে নিতে চাইলেন না তখন আবার তাঁকে মালদহে পাঠান হয়। **এখন** সেখানে তিনি বাহাল তবিয়তে আছেন। এই কংগ্রেসী নেতাটি অতুলনীয় মহাশয়ের সহকারী এবং তার যোগ্য ভবিষাং উত্তর্রাধকারী। (হাসা)

Mr. Speaker: Mr. Chatterjee, I shall now adjourn the House. You will speak for five minutes after adjournment.

(At this stage the House was adjourned for 15 minutes.)

(After adjournment.)

[5-45—5-55 p.m.]

## 8j. Haripada Chatterjee:

তারপর আমি শাশ্তিগড় কলোনীর কথার আসছি।

স্পীকাবমহোদর, প্রধান মন্দ্রীমহাশর এখানে নেই,
উদ্বাদ্ত সচিব মহাশর।ও নেই আমার এসব অতি
গ্রহত্ব ও দরকারী কথা তাদের শোনা আবশাক।
তাদের আপনি ডেকে পাঠান। আমি বসছি।

Mr. Speaker: There are other Ministers. The Deputy Minister is there to take notes also.

#### Si. Bijesh Chandra Sen:

বাইরে একটা "প্রশেসন" এসেছে। তিনি সেখানে বাস্ত আছেন।

## 8j. Haripada Chatterjee:

আমার জেলা নদীয়ায় স্বপ্রথম বাস্ত্রারাদের আগমন হতে স্বর্ করে। তখন "রিলিফ রিহ্যাবিলি-টেসন" ডিপার্টমেন্ট তৈরী হয়নি। জেলা ম্যাজিন্টেট কো-অপারেটিভ ডিপার্টমেন্টের সহ-বোগিতার সমবার প্রথার বাস্তৃহারাদের বসাবার উদ্যোগ আয়োজন আরুভ্চ করলেন। বেশ সুন্দর-ভাবে কিছুটা কাজ অগ্রসর হল। ইতিমধ্যে "রিলিফ রিহ্যাবিলিটেসন ডিপার্টমেন্ট" গঠিত হরে সব উল্টে দিল। তারা ঠিক করলেন সমবার প্রথা তারা মানবেন না। "ইনডিভিজুরাল লোন" ছাড়া তারা "কো-অপরেটিভ"কে "লোন" দেবেন না। "এ্যাসিণ্টাণ্ট রেক্সিম্মার" অনেক ধরা কাটা করলেন— कान कल इल ना। अथार मन करन मात्रिक निल "লোন" পাবে না অথচ একজনে পাবে। একে সমবায়ের মনোভাব দেশে নাই। তাতে যদি আগেই অসহবোগ শিক্ষা দেওয়া হয় তাহলে সহবোগিতা [Sj. Haripada Chatterjee.]

আশা করা বার না। অথচ "কো-অপরেটিভ কমন্-ওরেক্থ" প্রতিষ্ঠাই ছিল কংগ্রেসের লক্ষা এবং বড় গলা করে ঘোষণা করা হয়েছিল সমবার প্রথার এক হয়ে দাড়াতে না পারলে দেশের অর্থসিংকট দ্র হবে না। আমাদের প্রধানমন্ত্রী নিজেই প'্লিবাদীর সমর্থক।

("এ ভয়েস"--প্রিজর থেজি বেশ রাখেন দেখছি)।

হ্যা-একট, আধট, রাখতে হয় বৈকি, নইলে যে व्याभनाता भर्कृत हूर्ति कत्रत्वन । श्रधान मन्त्रीत সমবায়ে কিছুমাত বিশ্বাস নেই। তাই তার আ.দশে কল্যাণীব জনা বাস্তৃহারাদের স্বাদর প্রতিণিঠত কলোণী চর কাঁচড়াপাড়া সমবায় সমিতি তেওেগ দেওয়া হল। শান্তিগড় কলোণী সবকারী "ভ্যান্ডালিজম"এর আর একটি নম্না। শান্তিগড় কলোণী প্রতিষ্ঠাতা একজন কম্মী প্রয়। আজও তার সংখ্য আমাব দেখা হয়নি। তাঁকে আসামী করে আমার কাছে কয়েকটি নালিশ আসে এবং সেই নালিশের তদনত করতে গিয়ে সরজমিনে উপস্থিত হয়ে আসামীর বৰবা না শনেই আমি সিন্ধানেত এসেছি। বাস্তু-हातारमत कलाएगत উल्मर्गा এই ভদলোক তাঁর সমস্ত প্রতিভা ও কম্মশিলি নিয়োজিত করেন এবং "এয়েণ্ট বেণ্যল কো-অপরেটিভ মাল্টিপার্পাস সোসাইটি লিমিটেড" নামে একটি সমিতি কলকাতায় রেজিন্টারী করেন। অতএব বাংলার যেকোন জায়গায় রিফিউ**জি** এই সমিতিভূক্ত হতে পারেন। কর্ম্মকেত হয় নদীয়ার শান্তিপুর সহরের এক পাশে: এখানে হাতে কলমে বাস্তহারারা নিজেদেব বসতবাটী তৈরীব কাজে আর্থানয়োগ করে। সরকারী ডোল তারা পায় না কিন্ত সমিতির চেয়ারম্যান তাদের কাজ ন্বারা বাচিয়ে রাখেন। ১০০ জন লোক ৬০,০০০, ষাট হাজাব টাকা রোজগার কবে। এই সকল কথা সরকারী "অডিট রিপোর্ট" থেকে বলছি। সবকার এদের ৩<u>ই</u> **লক টাকা দেন। অবশ্য সোসাইটিকে নয** -ব্যক্তিগত-ভাবে। এতে অ:নক "টেকনিক্যাল" রুটি যে হয় নি এমন নয়। কম্মীবা নিজেবা ইট গড়ান পাবদশী লোকদের সঙ্গে খেটে ইট তৈরী করে। ৪০ লক্ষ ইট গড়ায। এরা সমুহত রাজুমিহ্নির কাজ নিজেবা করে। ঘর করার কথা ছিল চ্যাগারের বেডার কিম্ত বে উইযের অত্যাচার, তাতে ওসব ঘর দু, দিনও টিক্ত না। তাই তারা ইটেব ঘর তৈরী কবতে অগ্রস্ব হয়। ভেবেছিল যে টাকা বরান্দ সেই টাকাতেই নিচ্ছেরা থেটে ঘর কববে। হযত করতেও পারত। এই সময় কোন অজ্ঞাত কারণে এদেব টাকা গভর্ণমেন্ট বন্ধ করে দেন, যদিও স্বয়ং "বিলিফ কমিশনার" এদের কাজের অনুকলে ছিলেন। "রেজিন্টার অফ কো-অপার্বেটিভ" ত এদের উচ্ছসিত প্রশংসা করেন। গত বংসর হঠাৎ এদেব টাকা বন্ধ হওয়ায় এরা ইট পোডাবার কয়লা আনতে পাবেন নি। তাতে এদের ১১ লক্ষ্ণভাইট নণ্ট হয়।

(At this stage the blue light was again lit.)

তা হবে না। সারে, আমা:ক আরও সময় দিন।

Mr. Speaker: You have yourself given the time as thirty minutes. How can I extend the time any more? There are lots of other

speakers and there are 53 amendments.

## 8j, Charu Chandra Bhandari: ওঁকে আর পাঁচ মিনিট সময় দিন।

## Si. Haripada Chatteriee:

এসব আমি নিজ চোখে দেখে এসে বলছি: "অডিট বিপোর্ট"এর এসব প্রকাশ আছে। এদের ইট তৈরী করার বিরাট কারবারও নন্ট হয়। এদের এখান থেকে তাহেরপুর কলোণী এবং অন্যান্য স্থানে এরা লরী করে ইট পাঠিয়ে বিক্রি করে বেশ দু' প্রসা লাভ কর ত। এখানে জলের বাবস্থা আলোর বাবস্থা মেশিনে কাঠ চেরাইএব বাবস্থা, জিলিংএর বাবদথা সব কিছ**ু** করা হয়েছে। বেশ সন্দর একটি কারখানাও তৈরী হয়েছে। এদেব নামে চকলি হওযায় বিভিন্ন বিভাগের ২২ জন অফিসাব তনতে আসেন। তদন্তে ছোটখাট ব্রটি যাই থাক, আসল চুটি কিছুই পাওয়া যায় না। সমুহত লোকের টাকা বন্ধ করায় সমিতি অশেষ ক্ষতিগ্রন্ত হয়। মোট প্রায় ২২৪ খানি বাড়ীর মধ্যে ১০৭ খানি বাড়ীর ছাদ পর্যানত হয়ে বন্ধ আছে। ১১৪ খানির ভিত পর্যানত হয়েছে, তিন খানি কেবল সম্পূর্ণ হয়েছে। স্কুদর বাড়ীগুলি। এখন সরকার প্রেরায় টাকা দিতে চান কিন্তু বল্ছেন, সমিতির সদস্যরা ৭৫০ টাকা কবে দিলে তবে তাবা ২,২৫০ টাকা করে দেবেন। কিন্তু বাস্তৃহারারা ৭৫০ টাকা কোথায় পাবে? তারা নিজেরা থেটে ২,২৫০ টাকাতে বাড়ী তৈরী শেষ কণ্ডে পাবত। তা সে পথ সবকার হঠাৎ টাকা বন্ধ করে শেষ করেছেন। অথচ আশ্চার্যার কথা---এই সরকারী "অভিট বিপোট" বল ছে যে, যে টাকা এই সমিতিৰ মাৰফং খৰচ হয়েছে, তাত আছেই, আরও ২৫,০০০, লাভ হয়েছে। যেখানে স্বাবলম্বন ছিল সেখানে টেকনিকালিটিয়েব দোহাই দিয়ে গলা-টিপে মাববাৰ বাৰম্থা না কৰ;লই হত। অথচ মজাৰ কথা এই, এই শান্তিপ্ৰেই আব একটি ''নদীয়া ল্যাত ট্রান্ট"এব মত কলোণী দেশবন্ধ, কলোণী নাম দিয়ে—যা "রেজিন্টার্ড"ও নয়, "লিমিটেড"ও নয় -বেশ দু' পয়সা কামাচ্ছে। তাদেব টাকা বন্ধ *হল* না। জংগলের মধো তাদেব ভিতগাঁথা বাড়ীগুলি পড়ে আছে। লোকজন কেউ নেই। কোন "এসেটস্"ও নেই। "এ,আব,ও"দেব চুরি করার স্বিধাৰ জনাই এই সমবায় সমিতির বৈর ধাচরণ. এবং ব্যক্তিগত লোন দেবার এত উৎসাহ।

এইবার কবজোড়ে নিবেদন করছি যে ১০৪ ঘব প্রায় তেওেগ দেবার আয়ে জন সরকার করছেন তা যেন আর না কবেন। কলাগোঁর জনা সরকার বহু ভাষণা দখল কববাব নেটিশ দিয়েছেন। এখানে যে সকল পথানীর হিন্দুরা একবার ঘর ভাগলৈ করিছেলে। এরা সংখ্যার ১০৪ ঘর, তার মধ্যে প্রবিক্তা হতে আগত বাস্তুহাবা, যারা পথানীয় হিন্দুদের নিকট হতে জংলা জারগা কিনে বসবাস কবছেন তাদের সংখ্যা ৬৬ ঘর। কলাগণীর গ্রীন বেলটের মধ্যে এরা পড়েছেন। কলাগণীর গ্রীন বেলটের মধ্যে এরা পড়েছেন। কলাগণীর গ্রীন বেলটের মধ্যে এরা পড়েছেন। কলাগণীর গ্রীন বেলটের মধ্যে কর্মাণী সহরে আসার কথা। এই গ্রীন বেলটের মধ্যেই কাচড়াপাড়া কাদেশ, লিচ্তলা কাদ্প গ্রন্থতিক বালকর সহস্ত বাস্তুহারা পড়েছেন।

মজা এই, অনেক স্থলে বাস্তৃহারা ক্যাম্পকে ডিপিরে গিয়ে এদের তুলবেন। অথচ সরকার যেখানে ক্যান্তেপর বাস্তহারাদের জীবিকার কোন ব'বস্থা করে দিতে পারেনি, তখন এই সব স্থানীয় ও পর্ববংগর বাস্তহারা হিন্দুগণ এক পয়সা সরকারী সাহাযা না নিয়ে কেবল নিজেদের চেন্টার নিজেদেব পারে দাডিয়েছেন। শ্রীমনোমাহন ঘোষ নোয়াখালি হইতে আগত বাস্তুহারা। তিনি প্রথম অতিকটে ১০ কাঠা জংলা জমি ২০০ টাকা বিঘা দরে খরিদ করেন, তারপর সেই ভাগল কেটে পরিব্বার করে সোনা ফলিয়েছেন এবং সমবায় প্রথায় চাষ করে আজ ৬০ বিঘা জুমির মালিক হয়েছেন। জুংগল কেটেছেন--বহু সাপ মেবেছেন। আমি তার বাডীতে গেলাম--আনন্দ হল: ডেয়ারী, পোলট্রী, প্রেবে মাছ সব কিছু করেছেন। সংগ্র ছিল সগ্রা ইউনিয়ন বোডের সভাপতি ও বস্তুমানে কংগ্রেসের সভাপতিও বটেন। ইনি গত ৩১ বংসৰ ধরে ইউনিয়ন বোডেব সভাপতি। এ'কে জিজ্ঞাসা কবলাম ম্বরাজ হয়ে কি পরিবর্ত্তান দেখছেন : হাতেব একটি বড় ফাইল দেখিয়ে বললেন "পাৰেব' সরকাবকে চিঠি দিলে উত্তব পেতাম এখন স্ববাজী আমলে চিঠি দিয়ে উত্তর প্রাইনে।" ইনি আবও বল লেন মনোমোহন বাব্ মত বাস্তহারাগণ এদেশের গৌবর। মনোমেটনবার্র হাতথানি আমাব হাতে নিয়ে দেখলাম, আমাবই মত শুকু কঠিন হাত। আমি নিজ হাতে চাষ কৰেছি চাষ কবলে হাত কেমন শক্ত হয় তা জানি। মনোমোইন বাব, নিজ হাতে লাগ্যল দেন। বাংলা সবকাবেব তিনি একজন "রেজিণ্টার্ড' গ্রোয়াব"। আব সবকাব এখন তাকে উল্ভেদ কববাৰ মতলব নিয়েছেন। এই এ

স্বকারের ঝছ থেকে এই সব অভিযোগের সদ্ধ্র চাই। সদ্পায়ে প্রকৃত উদ্বাস্ত্র্দের প্রবর্সাতিতে বাধাদানই কি তাদের মনোগত অভিপ্রায়?

## [5-55—6-5 p.m.]

## Si. Jyoti Basu:

স্পীকারমহাশয়, আমি আজকে যা দেখছি সময়ের অভাবে গতবারে যা হয়েছিল এবারও তাই হবে। যাই হোক, সংক্ষেপের মধ্যে রাজ্যপালের বন্ধতা সম্বন্ধে আমি আমার বস্তব্য পেশ করবার চেণ্টা কবব। दोकाभानभशागम् यथन वकुंटा लाखन भद्रकाद्वद्र भःग পর্যাশ করে, তথন দৈশের স্ত্রিকারের অবস্থা এবং অর্থনৈতিক দিক দিয়ে আজ আমবা কোন অবস্থায় এসে পে'ছেছি সেদিকে দুভি রেখে যদি লিখতেন তবে—কোন সমস্যার সমাধান করতে না পারলেও আমরা তাঁকে পরামর্শ দিতে পারতাম কি করে সেসব সমস্যার সমাধান করতে হবে কিন্ত দ্বংশের বিষয় সেসব কিছ্ পেলাম না। বাস্তব জগতের সংগে পশ্চিমবংগের কোন সম্পর্ক নাই। আমাদের প্রকৃত অবস্থা যদি আমরা নাই ব্রুলাম তবে কিসের ভিত্তিতে পরিকল্পনা গড়া আর সেই পরিকল্পনার সাত্যিকারের প্রয়োজন আছে কিনা তাই বা কি করে ব্রুব। তিন বংসর পূর্বে যে পরি-कल्पना निख्या हर्स्याइन स्मर्टे भतिकल्पना अनुयाग्री काक ठालाइ এवर आरता मू वरमत शाल स्मर्ट भतिकल्लामात भूम हरत। এই विवस्त किन्द्र वलात আগে—আমরা কিভাবে পঞ্চবার্ষিকী পরিকল্পনা দেখি সে বিষয়ে বলবার আগে--আমি শুধু এটাকু

বলব, আমরা ভেবেছিলাম রাজাপালমহাশর সরকারের তরফ থেকে কিছু কৈফিয়ং দেবেন এতদিন পর আইনসভা বসলো কেন। আমরা ভেবেছিলাম নভেম্বর মাসে ফেমন বরাবর "সেসন" হয় এবারও তাই হবে, কিল্ড কেন হল নাজ্ঞানি না। প্রথমে मत्न करतिছलाम यिनि वाश्लारमरमञ्ज मन्त्रिक ठालान সেই ডাঃ রায় এখানে নাই তাই আইনসভা ডাকা ২ চ্ছে না। পরে তিনি যখন ফিরে এলেন তখন চিঠি লিখে জানতে পারলাম তাঁরা বাজেট তৈরী করার জনা বাসত, নভেম্বরে ভাকতে পারবেন না। আ**মি** অবাক হথে গেলাম--ভারতবর্ষের সমস্ত জারগার "এসেমস্পি" বসলো, লোকসভা বসলো, <mark>তাঁরা কি</mark> বাজেট তৈরী করেনি : এটাকে আমরা গণতাশ্বিক তাধিকাবের উপব একটা বড বক্ষের আঘাত ব'লে মনে করি। এইভাবে যদি গণতদাের উপর আঘাত করা হয় তাহ'লে আইনসভা চলবে? তাঁদের খুশী-মত যতাদন ইচ্ছা চালাবেন আবাব বন্ধ করে দেবেন। ভাঃ রাফ যথন বাইরে গিয়েছিলেন চিকিৎসার **জন্য** তিনি যেখানেই গিয়েছেন সেখান থেকেই একটা পবিকল্পনাৰ বিবৃত্তি দিয়েছেন ইংলন্ড, আমেরিকা, ভিয়েনা থেকে। কিন্তু জনসাধারণের প্রতিনিধি হিসাবে এটা আমরা দাবী করি আমাদের জ্বানা দরকার এই সমুহত পবিকল্পনা কার্যের পবিষ্ঠ করার আগে, কোন "ইঞ্জিনিযাব" আনবার আগে আমাদের অধিকাৰ আছে এটা জানবার যে এগুলোর প্রয়োজন আছে কি না, কিণ্ডু সেসব কিছ্ব হল না। একটা নতন খাদানীতি তাঁবা গ্ৰহণ কবলেন। সে খাদা-নীতির আমরা প্রতিবাদ করেছি। গণতন্দের উপর এই প্রথম আঘাত নয়, এই রকম আঘাত পশ্চিমবংশা ডাঃ বায়ের মশ্বিসভা আরো দিরেছেন। গত বংসর যথন বাজাপালমহাশয় বস্তুতা দেন এবং সরকার পক্ষ থেকে বাজেট নিয়ে যখন আলোচনা হয় তখন আমবা রাজ্যপালের কাছে ডাঃ বাষের কাছে আশার কথা শ্ৰেছিলাম যে.

#### "we have turned round the corner"

যখন তারা বলেছিলেন তখন জিনিষপার্ব দাম কম তাতে মুন্টিমেয় বাবসায়ীর অসুবিধা হবে কিন্তু জনসাধারণের মঞ্গল হবে। কিন্তু আমরা সরকারকে বোঝাবার চেন্টা করেছিলাম যে অর্থনৈতিক সংকট পশ্চিমবংগ তথা ভারতবর্ষে দেখা দিয়েছে-ছিনিষ-পত্রের দাম যেভাবে কমে যাচেছ, আপনারা যা মনে করছেন এটা সে জিনিষ নয়। এটা একটা **স্থার**ী ব্যাপার হ'মে দাঁড়িয়েছে ধনতাশ্তিক জগতে। এক-দিকে মনোঞার পাহাড় জ্বমে উঠছে, আরেক দিকে খরিদ করবাব পয়সা নাই। গরীব আরো গরীব হছে। যে অর্থনীতির সংগে আমরা জড়িত তাতে এটা সাময়িক হবে না, লোকের অবস্থা আরো খারাপ হবে, বাবসা আরো মন্দা হবে। আমি দেখে একটা খুশী হলাম অন্ততঃ এবার রাজ্যপালমহাশয় এটা ম্বীকার করতে বাধা হয়েছেন, যেটা গতবার সরকার-পক্ষ স্বীকার করেননি, যে অর্থনৈতিক দিক থেকে এটা একটা বড় আঘাত। তাদের বিশেলবণ দেখে আমার মনে হচ্ছে আমরা অর্থনৈতিক কোন অবস্থায় উপনীত হয়েছি সে সম্পর্কে তাঁরা এখনো "কমপ্লেসেণ্ট"—তারা ব্রুতে পারছেন না এই সংকট আমাদের কোথার নিরে যাবে। রাজ্যপাল-মহাশর বা বলেছেন সরকারের সংগে তার কোন মিল নাই, ববং বিপরীত। প্রথমে আমরা দেখছি

## [Sj. Jyoti Basu.]

একটা ভরাবহ দ্ভিক্ষের ছারা আবার আমাদের উপর পড়েছে। রাজাপালমহাশর তা দেখতে পাছেন না, তিনি এমনভাবে বক্তা দিলেন যেন আর দৃভিক্ষ নাই। গত বংসর ২৪-পরগণা, মেদিনশিন্র, নদীয়ার কী ভীষণ অবস্থা হয়েছিল তা সকলেই জানেন। সরকার একটা নতুন খাদানীতি গ্রহণ করেছেন, এটাকে তারা লেভিপ্রথা বলছেন। এই নীতি থেকে আমরা এটা শুন্ধে ব্রেশছি লোককে তারা খাওয়াতে পারেন না, তাই দায়িস্ব লোকের উপরই ছেডে দিলেন।

## [6-5-6-15 p.m.]

তারপর আমরা দেখছি এমন চাল দেওয়া হচ্ছে কলকাতা সহরে যা মানুষে খেতে পারে না। আমরা দেখেছি-সরকারপক্ষ থেকে যেগ্রলিকে ইকর্নামক शाहेम मु वना इम्र-स्मिथात वाक भारक है रहते कामा वाकारतत मरत ठाम विकी २ एक। थामा विश्वरा আমি আর বিশেষ কিছ, বলতে চাইনে, কারণ আমাদের তরফ থেকে আর আর বঞ্ভারা সরকারের थामानीिज मन्दरम्थ विभम जारमाहना क्रादन। जामि শুধু এইটুকু বলছি—যে কথা কমিউনিল্ট পার্টির তর্ফ থেকে আমরা বলেছিলাম যে চার হাজার টনের দরকার। কলকাতা ও শিল্পণ্ডলকে বাদ দিরে খাওয়াবার জন্য যদি বাবস্থা করতে হয়, সেট্রকু চাল কলওয়ালাদের কাছ থেকে লেভি করে বড় বড জ্যোতদারদের নিকট গেলেই পাওয়া যাবে এই ভ্রম নীচের দিকে আসবার কোন দরকার নেই। তাঁরা সে কথা গ্রহণ করেন নাই। সরকার এই কথায় বলেছেন কি করে তারা খবর পেয়েছেন জানিনা—এবার নাকি বাম্পার **রূপ হয়েছে। মন্দ্রী প্রফ**র্ক্স সেন একথা বলেছেন, কোথায় শ্রীপ্রফল্ল সেন এই খবর পেয়েছেন জানি না। তাদের যে ন্ট্যাটিন্টিকস তাকে আমবাই শ্বে ভুয়া বলি না, তাদের ডিপার্টমেন্টে যারা কাজ করেন তারাই বলেছেন যে এসব দ্যাটিন্টিকসের কোন মলো নেই। আমরা গ্রামে গ্রামে ঘরি ঘরে যেটক খবর পেয়েছি তাতে জানি মেদিনীপারের মতন জারগার. ২৪-পরগণার মতন জারগার, ফসল যেখানে বেশী উৎপন্ন হয়, সেখানে এবার পোকায় ফসল সব এমন ভাবে নন্ট করেছে, যেখানে সরকার বিঘা প্রতি ফলন বলেছেন ৫।৬ মণ. সেথানে আমরা দেখেছি-বিঘা প্রতি ২ ।৩ মণ হয়েছে। অথচ এরি উপর ভিত্তি করে তারা বলে দিয়েছেন কিদোয়াই সাহেবকে যে আমরা এত টন পাব। গতবার যখন কিদোয়াই সাহেব এসেছিলেন তখন তিনি যে বলেছিলেন কলকাতা এবং শিল্পাঞ্চলকে আমরা ভারত গভর্গমেন্ট-এর তরফ থেকে খাওয়াব, কিল্ড আমাদের এ'রা সেই জিনিষটা ভূলে বলে বসেছেন তারাই চাল দেবেন। এবং এই ভূল বোঝানোর দর্ন ভারত সরকার যা করবেন বলেছিলেন এখন তাঁরা তা আর করবেন না। এ দের কৃতিত্বের এই ফলটা আমুরা দেখতে পাচ্ছ।

তারপরে আজকে যেটা দিরৈ আরম্ভ করেছিলাম, বে আমাদের বেকারের সংখ্যা ক্রমশঃ বেড়ে বাছে। ভীষণজ্ঞাবে বেকারে দেখা দিরেছে আজ পশ্চিমবাংলার এটার দেখছি রাজাপালমহাশর কিছু বলবার চেফা করেছেন তার মান্তিত ভাষণের ১৬ পাতার। কিন্তু তিনি যেভাবে প্ররেমটা দেখেছেন আমরা ঠিক ঐ রুকমভাবে দেখতে পারিনে। আমরা বলি এই

সংকটটা আরো অনেক গভীরভাবেই আজ দেখা দিরেছে। রাজ্যপালমহাশর বলেছেন—বেকারী <del>আজ</del>কে কেবল সহরের বিভিন্ন জায়গায় ও ফ্যাক্টরী প্রভৃতিতেই দেখা দিয়েছে, গ্রামে এ সংকট নাই। আমরা বলতে চাই এ বিষয়ে খব ভাল ন্ট্যাটিন্টিকস আমরা দিচ্ছি না, সরকারের কোন ভ্যাটিভিটকসও পাচ্ছি না, কারণ তাঁদের নাই। তাঁরা পরিকল্পনা করছেন বর্টে, কিন্ত ভ্যাতিভিটকস বলে তাঁদের কোন জিনিষ নাই, যার উপর আমরা বিশ্বাস স্থাপন করতে পারি। তবে এমস্লযমেন্ট এক্সচেঞ্জের নভেম্বর মাসে বেকারের সংখ্যা যা ছিল, তার চেয়ে এখন ১০ হাজার বেশী বেকার সেখানে নাম রেজেন্ট্রী করেছে—আমরা চাকরী চাই দাবীতে। পশ্চিমবঙ্গে যারা গ্রাঞ্জুরেট—বি,এ: বি,এস,সি, পাস—সেই সব বেকারের সংখ্যা ভারত-বর্ষের মধ্যে এখানে সবচেয়ে বেশী, এই অবস্থা আগেও ছিল, এখনো আছে। আমরা দেখেছি— ইঞ্জিনিয়ারিংএ যারা বিদেশে গিয়ে ভাল ডিগ্রি পেয়েছে বা আমাদের দেশেই যারা ভাল ডিগ্রি লাভ করেছে তারা চাকরীর জন্য গেলে তাদের কেরানীর কাজ করতে বলা হয়, তারা কেউই ভাল কাজ পাচ্ছে না। রাজ্যপালমহাশয় বলেছেন আমাদের টেকনিক্যা**ল** কলেজ ২।৩টি কি দশটী আছে। কিন্তু ভাতে বেকার সমস্যার কি সমাধান হয়েছে? এ যেন ব্যবসায়ীসম্প্রদায়ের মুখপাত্রের কথা। এ সম্পর্কে আমি আর একটা বিষয় উল্লেখ করছি। ভারতবর্ষের সবকার একটা হিসেব নেবার চেণ্টা করেছিলেন—যেগালি নাকি ভারতীয় নয় এই রকমের যত বাবসা বাণিজা ও শিল্প প্রতিষ্ঠান এ দেশে আছে. সেখানে অভারতীয় কত জন কবে কাজ করে। সেই হিসাবে যা দেখেছি, যদিও সবগালি ফার্ম চিঠি লিখে জানায়নি, কিন্তু আমবা দেখেছি যতট্কু হিসাব পাওয়া গেছে তাতে সেই সমুহত কল কারখানা, ব্যবসায় শিম্প যা ইংরেজ বা অনা বিদেশীর হাতে আছে তার মধ্যে ৭০-৭২ জন টেকনিসিযান ও হাইয়ার ষ্টাফ অভারতীয়। কেন টেকনিসিয়ান ও আপার গ্রেডেব ষ্টাফ কি ভাবতবর্ষে পাওয়া যায় না? তার-পবে ব্টিশ আমলে ত ছিলই, স্বাধীনতা হবার পরও দেখছি আমাদের ছেলেবা বেকার হয়ে ফিরছে, তাদের চাকরী জ্বোটে না, আব এখনো তাঁরা এক্সপার্ট বা অভিজ্ঞতার দোহাই দিয়ে বিলেত থেকে বিদেশ থেকে লোক আমদানি করছেন। এর উত্তরে ডাঃ বায় বলবেন-এটা আমাদের নীতি নয় কি করে তাদের তাড়াই। কিন্তু দুনিয়ার সমুত দেশেরই নিয়ম বা রীতি হচ্চে—নিজের দেশের ছেলেরা আগে চাকবী পাবে তারপরে দেখতে হবে অন্য দেশের লোক রাখা যাবে, কি যাবে না। গত বছর আমরা দেখেছি, এক মাসের মধ্যে প্রায় ৫০ হাজার শ্রমিক ছাঁটাই रखिष्टल, ठावेकल, त्लाहाकल ও भूजाकल त्थाद. সরকারী হিসেব কি হবে জানি না, সরকার এর কোন হিসেব রাখেন বলেই জানি না। র্যাসনালিজেশনের কথা রাজ্যপালমহাশয়, যেটা মালিকপক্ষ থেকে বলা হয় সেইটেই গ্রহণ করে বলেছেন। এবং সেই র্যাসনালিজেশনের নামে হাজার হাজার লোক ছাঁটাইরের ব্যবস্থা তাবা করছে। আমরা 'যা্গান্তরে' বে হিসাব দেখেছি তাতে ১০ লক্ষ পশ্চিমবাংলার লোক বেকারে পরিণত হয়েছে, তার উপর আর দশ লক্ষ রিফিউজি বেকার প্রেবংগ থেকে এসেছে তাদের হিসাব মত মোট এই ২০ লক্ষ লোক পশ্চিম-বংশ বেকার হরে বসে আছে।

ু তারপরে যখন আমাদের দেশের ব্যবসাবাশিক্ষ্যের ্ৰংক তাকাই, তখন কি দেখতে পাই? দেখি অনেক-ু<mark>গালি ব্যবসাবাণিজা বন্ধ হয়ে আসছে। এবং ডা</mark>ঃ বিধানচন্দু রায় আমাদের বিরোধী পক্ষের সদস্যদের হামেসাই এই রকম বলে থাকেন যে আমরা নাকি **'কেরুস'** সূচ্টি করি, ব্যবসা বাতে বন্ধ হয়ে বায় সেই জনা দ্মাইক করি। কিন্তু আজ আমরা তাঁকে জিজ্ঞাসা করি, আজ পশ্চিমবণ্গে একটার পর একটা ব্যবসা প্রতিষ্ঠান বন্ধ হয়ে যাছে, কিসের জনা এটা इस् ? ठाँकल, म. जाकल, लाशकल वन्ध शरा बात्रक, চা বাগানগুলি যে বন্ধ হচে কি জনা? কারা এগুলি বন্ধ করছে? ডাঃ বিধানচন্দ্র রার আর তাঁব মন্দ্রীরা, না আমরা<sup>্</sup> সেখানে কেয়স সৃষ্টি করছে কারা<sup>্</sup> অমরা না ডাঃ বিধানচন্দ্র বার, আর তার মন্দ্রীরা > বড বড কারখানার কথা না হয় ছেড়েই দিলাম, এমন কি ছোট ছোট কারখানাগ্রলিও এই শ্রমিক ছাঁটাইএর হাত থেকে রেহাই পায় না। এলবার্ট একটা ছোট কারখানা स्मिथात्न प्रमुख्या थ्यात्क मृत्या लाक होंगेरे रख शाहि।

[6-15-6-25 p.m.]

এবং এই "ফবেন কর্মাপিটিসনের" কথা বলতে গিয়ে আমি শুধ্ আমাদের কথা বলছিনে, আমার সময় থাকলে আমি আপনাকে আরও অনেক কিছ.ই শুনাতাম। যে শ্রীপ্রিয়াজী, শ্রীনানজী ব্যবসাবাণিজ্য ভগতে এত স্পরিচিত তারাও আজকে বলছেন 'সরকার আমাদেব কোন 'প্রোটেকসন' দিচ্ছেন না, যে জিনিষ আমরা দেশে তৈরী করতে পারি সেই সব জিনিবগুলিও বাইরে থেকে আজ আনা হচ্ছে"। পশ্চিমবাংলা সরকার তথা ভারত সরকার তারা এবার-কার যে "কমনওয়েলথ কনফারন্স" হয়ে গেল তারপর এই নীতি গ্রহণ করেছেন যে যেট্রকু "কন্দ্রোল" ব্যবসাবাণিজ্ঞা ব্যাপারে তাদের ছিল তাও গটিয়ে দিচ্ছেন এবং আবও জিনিষ দেশের ভিতর আমদানী করবার চেন্টা করছেন যা আমাদের দেশের ভিতর তৈরী হতে পারে। এই সমস্ত পালিসি থেকে. নীতি থেকে ব্রুতে পারি যে পশ্চিমবাংলা সরকার শু.ধু. থ্ব বড় বড় ব্যবসায়ীদেব, যারা আমেরিকান, ইংরাজ তাদের সাহাষ্য করবেন, তাদের লাভের অংকটাই দেখবেন এবং দরকার হলে এজনা বাইরে থেকে জিনিষপর আমদানী করবেন, শ্রমিক ছাটাই করবেন। ছাটাই না হয় এমন কোন ব্যবস্থা আম্বা দেখতে পাচ্ছিনে। একটা উদাহরণ দেব অর্থাৎ আমরা দেখলাম ভারত সরকার যে "অর্ডার" করলেন এবং পশ্চিমবাংলা সরকার যেটা মেনে নিয়েছেন যে ধর্তি শাভী উৎপাদন ৪০ ভাগ কমিয়ে দিতে হবে। আমাদের দেশে বিডলা এবং কেশরাম মিলস ছাড়া অন্যান্য মিলগুলিতে ধ্রতি শাড়ী সবচেয়ে বেশী তৈরী হত। আসলে এই "অর্ডার" এর মানে হচ্ছে এই বে মিলগ্রলিতে ছাঁটাই হবে। এই ''অর্ডারের'' ফলে দেশে তাঁত শিলেপর প্রসার হবে এ কথা মনে করার কোন কারণ নেই, কারণ, "কর্মাপট" করবার ক্ষমতা তাঁতশিলেপর নেই। তাই দেখছি বড় বড় বারা ব্যবসায়ী তারা সাহাষ্য পাবেন কিন্তু ছোট ছোট কারখানা যাদের আছে তাদের কোন সহারতা হবে না। আমরা দেখছি আমাদের দেশের লক্ষ লক মান্ষের পরণে কাপড় নেই, এরই মধ্যে দেখছি "ক্রাইসিস অফ ওভার প্রভাকদন"। এদিকে দেখছি "ডাঃ রারের" আশীর্বাদ নিয়ে বাটা কোম্পানী ৪৫ লক জ্বতা নন্ট করে দিছে তাদের "প্রফিট" ঠিক

নাধবার জন্যে। নির্বাচনের সমর মৃশ্রীমহাশরের। বলেছিলেন উৎপাদন বাড়াও, আছকে দেখছি উৎপাদন বাভিয়ে আমাদের উপকার হচ্ছে না। মন্দ্রীমহাশরেরা বলেছেন যে গ্রামের অবস্থা ঠিক এতটা খারাপ নর। কিশ্ত আমরা দেখছি কি? যে সমস্ত চাষীদের বলা হর্যোছল 'তোমরা পাট বোনো, অর্থাং দেখলাম, যে তারা ষেট্রকু করেছিল সেই পাট উৎপাদন করবার জন্য সেই খরচটাও পাট বিক্রী করে তারা পাচ্ছে না। "ডা রায়" অবশা বলেছেন এ সম্বন্ধে তার কিছুই করবার উপায় নেই। রাজ্ঞাপালমহাশয় কলকাডায় থাকেন, কিল্ড তিনি গ্রামের যারা সভা আছেন তালের জিজ্ঞাসা করলৈ জানতে পারতেন গ্রামের **অবস্থা** সঠিক কি। এই যে অর্থনৈতিক অবস্থা এর মধ্যে যখন আমরা শানি পঞ্চবাধিকী পরিকল্পনার কথা তখন স্বভাবতঃই মনে হয় যে এই পরিকল্পনা কখনও সফল হতে পারে না। স্পীকারমহালয়, এটা নাকি এখন গণতান্ত্রিক পরিকল্পনা, অথচ আজ অবধি আপনি জানেন না, আমরাও জানি না যে পণ্ডবারিকী পরিকল্পনা কি করে কার্যকিরী হবে। ডাঃ রার যদি মনে করেন তিনি নিজেই পরিকল্পনা সফল করবেন তা আমরা জানি না। তারপর এই পঞ্বাবিকিট পরিকলপনার জন্য 💰 অংশ টাকা বিদেশী সাম্লাজ্ঞ্য-বাদীদের কাছ থেকে নিচ্ছেন, যে সামাজাবাদীরা আজ যাখ বাধাতে মেতে উঠেছেন। সরকার বলেছেন যে পরিকল্পনার জ্বনো যে টাকা খরচ হবে তার একটা অংশ আমাদের বাজেট থেকে মিলবে। কিন্তু উন্বাস্ত বাজেট কোথার? হতে পারে যদি জনসাধারণের উপর আরও টাল্কের বোঝা চাপান যায়। এদিকে ক্রমকদের জলের টাক্স দিতে হয় তাই তারা দিতে পারে না. শুনুছি আরও কর বেডে **বাবে।** অথচ বা**র**তে পারছি ট্যাকসের বোঝা লোকের উপর আরও চাপান হবে। পরিকল্পনার মধ্যে শিল্পপ্রসারের কোন কথা নেই, সরকার "এগ্রিকালচার" করবেন, গিলেপর প্রসার করবেন না, ভাল কথা, কিল্ড যে শিল্পগ্রেল রয়েছে সেগর্লিকে ঠিক রাখতে হবে তো? আবার দেখলাম ১ কোটি ১২ লক্ষ্ণ টাকার বেশী তাবা "এগ্রিকালচারেও" খরচ করবেন না। **জমিদারী প্রখা** উঠিয়ে দিয়ে কৃষকদের জমির মালিক করবার কথা তারা ভাবতেই পারেন না। "এগ্রিকালচারে" যা তারা থরচ করছেন তাও ১ বংসরের পর্নালসের খাতে যা থরচ হবে তাও হবে না। আর একটা বলি,—শুনতে পাছি, অবশা এখনও কানাঘ্যা শ্নেছি, সতি কিনা বলতে পারব না—ভেট ট্রান্সপোর্ট, বেটা সরকার করেছিলেন সেটা নাকি একটা "করপোরেশন"--চোরপোরেসন স্থি করে তাদের হাতে দেওয়া হবে। সেই "করপোরেসনে" বিধান বাব্র বহু অনুগামী, वर**् वन्ध**् लाक थाकरवन। এভাবে এতে बाब्रा বাস্ত্রারা তাদের ধরংস করবেন। তবে, এটা এখনও কানাঘ্যা শূর্নছি, সরকারের কোনো "ভেট্ডমেন্ট" দেখিনি, তাই আর কিছু বলতে চাইনে। অন্যান্য যে সৰ্ব "স্লান" হয়েছিল তা আপনি জানেন, শ্রনেছিলাম ভারত সরকার দিরে দেবেন, কিস্ত কার্যকালে ভারত সরকার বললেন এত টাকা আমরা দিতে পারব না।

[6-25-6-35 p.m.]

যদিও এখনও এটা কানাঘ্বার আছে-সরকারী "শেটমেন্টও" কিছ, দেখিনি, তাই रानी किंद्र वनारा ना। जना स नमन्ड "जान"

## [Sj. Jyoti Basu.]

হচ্ছে. আমরা দেখেছি ও শনেছি এই 'হাউসে' নে ভারত সরকার এত টাকা দেবে বর্লোছল, কিন্ত সেই টাকা দেবার সময় যখন হ'ল তখন ভারত সরকার रत्र টাका पिन ना। এবং এত টাকা पिতে পারবে না বলে আমাদের সব "পলান" ছাঁটকাট করভে হল এবং এই ভাবেই ছটিকাট হতে থাকবে এই আমরা বিশ্বাস করি। যদি সতাই এই পরিকল্পনা আপনাদের থাকতো তাহলে আমি বারবার বলেছিলাম, গত বাজেটেও বলেছিলাম যে এই যে ব্রিটিশরা বিরাট <del>সাভ ২৫।০</del>০ কোটি টাকা ম্নাফা—করে তাদের रमर्ग भाठांत्र रमरेणे वन्ध कत्न, जाराल य जेका পাবেন তার চেয়ে দুইগুণ বেশী টাকা এই বিটিশ শাভ থেকে পেতে পারেন। শুধু একটা আইন করে দিন যে অন্ততঃ পাঁচ বংসর বিদেশে লাভ পাঠাতে পারবে না। "ট্যাকস" আর না বাডিয়ে যদি আপনারা "रमनम छ।कम" क्रिया एन, यीन स्क्रीमनाजी প्रथा উঠিয়ে দেবার বাবস্থা করেন, এই সমস্ত "মেজার" র্ষাদ নেন তাহলেই আপনারা সাত্যকারের "ইন-ফ্যেসনের" সঙ্গে "ফাইট" করতে পারবেন—অর্থ-নৈতিক সংকট থেকে উন্ধার পেতে পারবেন কিন্তু দেদিকে আমরা কিছ, দেখছি না। আপনাদের পরি-कन्यनाग्रीन यीम कार्याकरी कतरू हाइराउन छाइराज আপনারা আমাদের কাছে আসতেন, বিভিন্ন "পার্টির" কাছে যেতেন এবং বলতেন যে আস্ন আমরা সকলে **মিলে** এই সমুহত পবিকল্পনাগলি কার্য্যকর্বা করি। শুধু দণ্ডরে বসে এই সমস্ত পরিকল্পনাগালি কার্যা-করী হয় না। এইটাই আমি আপনাদের বোঝাতে চাই। কারণ যেসব দেশ থেকে এই সব পঞ্চবার্ষিকী পরিকল্পনা আপনারা শিখেছেন, তাদের কাছ থেকে আর একট শিক্ষা গ্রহণ করনে যে কি করে তারা গ্রামে, সহরে, কারখানায় গিযে, শ্রমিক কৃষকদের কাছে গিয়ে বলে যে এই সমস্ত পরিকল্পনাগালি আপনাদেরই, আপনাদেরই এই সমুস্ত পরিকল্পনাগর্লি কার্য্যকরী করতে হবে। কিন্তু আপনারা সে জিনিষ

আমার শেষ কথার আগে আর একটা কথা বলতে চাই। গতবারে কতকগৃলি প্রশ্তাব পাস করেছিলেন আমাদের সময় নন্ট করে। কংগ্রেসী দল থেকে "নন-আফিসিয়াল ডেডে" বলেছিলেন বে "ফুলিটায়র বাউ-ডারিজ রিক্রন" করা দরকার, গণগা "বাারেজ" এবং আরো বড় বড় কথা বলেছিলেন কিন্দু তার কি হ'ল? ভারত সরকাব কি আপনাদের কোন কথা শোনেনি? কিছুই কি করতে পারলেন না? না সেগৃলি পাঠানই হয় নি? আমি সেই সময় দিল্লীতে ছিলাম। একদিন আলোচনা হ'ল পার্লামেনেট, শ্নলাম বাংলাদেশ থেকে এই প্রশ্নতাব পাঠানই হয়নি। বাংলাদেশের সবকাবই জানেন যে এই প্রশ্নতাব কি অবস্থায় আছে। আপনারা কি করবেন তা আমারা জানি এবং দেশের লোকেরাও তা বোঝে।

আমার শেব কথা হচ্ছে, আমাদের এখানে রাজ্ঞাপালমহাশয় সময় সময় গণতদেরর উজ্জর আঘাত হতে
পারে এমন যদি কোন ব্যাপার থাকে তখন তিনি সে
সম্বন্ধে বলেন। কিন্তু তিনি এবার সে সম্বন্ধে
কিছাই বলেন। কোন হে তিনি চেপে গোলেন তিন ব্রক্লাম না। "সিকিউরিটি এাট্ট"এর আরো তিন বংসর হেলাদ বাড়বার কথা আছে। "প্রিভেন্টিড ডিটেনসন এাট্ট, লেপশাল কোর্ট এবং ট্রাইব্নালস"

পশ্চিমবংশ এখনও বহাল আছে, আমরা জানি না কেন আছে। জনসাধারণকে আপনারা এতট্টক বিশ্বাস করতে পারেন না। কংগ্রেস সরকারকে তাই আমরা বলি যে ভোট যখন আপনারা কম পেরেছেন তখন জনসাধারণকে একট বিশ্বাস কর্ন কংগ্রেস ছাড়া যে সব দল আছে এবং কংগ্রেসের অন্যান্য যে সমস্ত সদস্য আছেন তাদের কাছে আবেদন করছি যে এখনও আপনারা এই সমস্ত অগণতান্ত্রিক আইন-कान्त्न अभर्थन कद्रादन? किस्मद छना कद्रादन, শ্বে বিধান বাব্বক খুশী করবার জনা, মুখ্টিমেয় क्राक्कन निर्णादक भूगी करावात क्रमा करावन ? যদি আপনাদের জনসাধারণের সঙ্গে সংযোগ থাকে তাংলে আপনারা প্রতিবাদ কর্ন যে বাংলাদেশে যে সমুহত অগণতাশিক জিনিষ হচ্ছে তা আমরা হতে দেবো না। আমরা জানি যে তাঁরা বেভাবে পঞ্চবারি কী পরিকল্পনা করছেন তাতে কেবল বিদেশী "কন্টাক্টর" বা "ফরেন ফার্মস"এর পয়সা হবে এবং আমাদের জনসাধারণের উপর ''টাাক্স'' বেশী বাডবে। এটা যখন আমরা ব্রুতে পারছি তথন নিশ্চয়ই আমরা আমাদের কর্ত্তব্য পালন করবো। আমরা একথ। বলি যে আমনত "শ্লান" চাই-পরিকল্পনা আমনাও চাই, কিল্কু যদি দেখি যে লোকের উপর "টাাক্স" বেশী পড়ছে তাহলে আমরা সেটা কিছুতেই সহা করবো না, আমবা প্রতিবাদ করবো এবং তার বির্দেধ আমরা সংগ্রা**ম** কসবো। তার **জন্য শুধ**ু আমরা একাই নয়, বামপশ্থি গণতাশ্যিক দলই শুধু বলবে না, আরো যেসব বিশিষ্ট দল আছে এবং দেশের কলকারখানাব মালিক আছে তাবাও সরকাথের বির,দেধ আজ প্রতিবাদ করছে। বোম্বাই—সৌরাজ্রে আনরা দেখেছি যে সেখানে "টাক্সের" বিরুদ্ধে সংগ্রাম করবার জন্য লোকে জীবন দিয়েছে। আমাদেব দেশে याता "এर्गान्छे न्याननाल" काळ कतरह, याता শ্রমিক, কৃষকদের উপর "ট্যাক্সের" বোঝা চাপিয়ে দিচ্ছে, আমরা তাদের বিরুদ্ধে সংগ্রাম করবো। আমরা জানি না কেন আমাদেব সবকাব এত বড় "মাকেটিকে" व्यामामा करत ताथएएन? अठा भूधः कता रुख्य तिरिम ও আর্মেরিকার তাবেদাবী করবার জন্য। তাই বলি আবার আমাদের স্বদেশী আন্দোলন স্বর্করতে হবে। ব্রিটিশ প'্রিজকে যদি বাজেয়াণত না করা হয় তাহলে আমাদের দেশ সম্দিধশালী হতে পারবে না। তা যদি না করি তাহলে আমরা জ্বাতির কাজে বিশ্বাসঘাতক হব। সেই জন্য আমি দেশের সমুস্ত গণতান্ত্রিক দলেব কাছে এবং কংগ্রেসের চার আনা সদস্যদেব কাছেও আবেদন কর্বছি আব্দ জাতির এই চরম বিপদের সময় মুন্ডিমেয় কয়েকজন নেতার দিকে তাকিয়ে থাকবেন না, জনসাধারণকে বাঁচবার জন্য এগিরে আস্<sub>ন</sub>। আমাদের রাজ্যপালমহা**শর বে** বকুতা দিয়েছেন, জনসাধারণ তাব প্রতিবাদ করবে। আমরা বিশ্বাস করি যে কংগ্রেস সরকার ষতাদন এই গদিতে আছে ততদিন আমাদের সমস্যা সমাধান করা তাদের পক্ষে অসম্ভব। কিন্তু আমরা বিশ্বাস করি যে যদি আমরা একতাকর্ম ইই তাহলেই সরকারের কাছ থেকে আমাদের দাবী আদায় করে নিতে পারবো। এই সরকারের কাছ থেকে জ্বনসাধারণ তাদের দাবী আদায় করে নিতে পারবে এই বিশ্বাস আমরা করি।

#### 8j. Hemanta Kumar Basu:

মাননীর স্পীকারমহোদর, আজকে সব চেরে বড় প্রশন হচ্ছে যে যা জাতীর জীবনকে জুমে জুমে খব করে দিক্ছে, যাতে করে জাতীর জীবনীশাঁছ দিন দিন 
দ্রাস পাক্ষে, যাতে করে জাতির অগ্রগতির পক্ষে
বিশেব বাধা স্থিট করছে, যাতে করে এই জাতির
উন্নতির সমশত প্রোগ্রাম, বিশেব ক্ষতিগ্রশত হক্ষে,
সেই প্রশন হল "আনএমশরমেন্ট"। আমাদের ম্বা
বস্তুদের জন্য তার চোঝের জল গড়িরে পড়রে
আমার বেশাছ (Dr. Srikumar Banerjee:
মধ্যবিস্তুদ্ধের জন্য নর—চোঝের অস্থের জনা।
আমাব বন্ধ্য বলছেন চোঝের অস্থের জনা। যাই
হোক, এটা বড়ই দ্বংখের বিষয়, রাজ্যপালের ভাষণের
মধ্যে এই যে সব চেয়ে বড় প্রশন, এই প্রশের
সমাধানের জনা বিশেব কোন কর্মপন্ধার আভাস নেই।

[6-35—6-45 p.m.]
এই কথা বলা হয় বে এই যে নানা প্রকার উন্নতিকর
যৈ সমসত "প্রজেক্ট" নেওয়া হয়েছে সে সমসত
সম্পূর্ণ চালে "আনএমালয়ামেন্ট" নিদ্যাই সমাধান

যে সমুহত "প্রক্রেক্ট" নেওয়া হয়েছে সে সমুহত সম্পূর্ণ হলে "আনএমগলযমেন্ট" নিশ্চযই সমাধান হবে। আমরা দেখছি যে যতই নতন নতন "প্রক্লেক্ট" করা হচ্ছে ততই "আনএমণলযমেন্ট" ব্রান্ধ পাচ্ছে। মধাবিতদের মধো "আনএদশাবমেন্ট"এর সংখ্যা বেডেই চলেছে। সরকার "রিপাবলিক ডে"তে ষে প্রিতকা প্রচাব করেছেন তাতে দেখা যাচ্ছে "আন এম লয়মেন্ট একচেঞ্জ"এ এই আগন্ট পর্যান্ত शांत ५ नक ५२ शांकात ८६० करनत नाम लाया আছে। তার মধ্যে ৩৯ হাজাব ৭০৯ জন চাকুরী পেয়েছে। এবং তাদের যে চাকুরী হয়েছে তা কত-খানি স্থায়ী তা জানি না। যাদেব চাক্বী জনুটেছে कारवा वा मू भारभत कना, कारता वा इस भारभत कना আলার কারো হয়ত বা এক বংসর কি দুই বংসরের জনা-তাও আবার মাঝে মাঝে চাকরী থাকে না। তার উপর আবার বহু উন্বাস্তু এসেছেন, তাদের মধ্যে বেকারের সংখ্যা দিনের পর দৈন বেড়ে চলেছে। "এম লয়মেন্ট এক্সচেম্ব"এর লোকদেরও হাত পা বাঁধা। কারণ এ'রা যে লোক পাঠান তা কংগ্রেস সরকারের মনঃপত্ত হয় না। তারা নির্বাচনের সময় অনেককে অনেক প্রতিপ্রতি দিয়ে এসেছেন। এখন চাকরীর সূর্বিধা যদি নিজেদের হাতে না রাখেন তবে অনেক অস্ত্রিধা ও গদ্ডগোলের স্থি হবে। এমনিতে ডাঃ রায় ৩০ জন মন্ত্রী করেছেন, আরো मृटे ठातकन भन्ती ना कतरल पल एडएंश यारत। इय्रड আরো কর**জনকে মন্ত্রী** করতে হবে। এই "এম<del>ুল</del>য়-মেন্ট এক্সচেঞ্চ" দিয়ে "আনএমগ্লয়মেন্ট" ঘচবে বলে আমার বিশ্বাস নাই। কারণ এটা একটা "শো" ছাড়া আর কিছুই নয়। বড় বড় মিল মালিক ও "काङ्केत्री" यामिक धरे "ध्यम्बर्ग्यमणे धन्नातस्य "क সম্পূর্ণ উপেক্ষা দেখিয়ে চলেছেন। কারণ তারা জানেন তাঁদের পিছনে সরকার আছে। এই হলো "এমণ্লয়মেন্ট এক্সচেঞ্চ"এর অবস্থা। আজ বাংলা-म्परम मृथ्य प्रधाविखम्पत प्रत्यारे नत्र प्रवर्ग एसपीत प्रत्या "जानअभ्भारत्रङ" मरभा, तिकादित मरभा क्रांसे दिए চলেছে। রাস্তা ঘাটে যখন বেড়াই তখন দেখতে পাই কত ছেলে-পশ্চিমবংশারও বটে আবার "রিফিউজি"-ও বটে—তারা কত কন্ট করে কিছু কাপড় চোপড়, কিছা ফল মূল, কিছা খাবার এই সমস্ত বিক্লয় করে পরিবারের জাবিক। অর্জনের চেণ্টা করছে। কিন্তু মাবে মাবে দেখি পর্লিশ তাদের কুকুর তাড়ানোর মত ডাড়া করে। ভাবি ভারা 奪 আমাদের দেশের **टब्टन** सत्र। **जा**रता जान्हर्या हरत वाहे और स्ट्रिय

বে কোখার সরকার তাদের প্রতি সহান্তৃতি দেখাবে, তা না করে তাঁরা কিনা তালের এই রক্ত নির্য্যাতন **ठालात्क्रन । मन् शार्यत धर्रे तकम अवमानना आमि** আর দেখিন। প্জোর আগের একটি ঘটনা আমি বলি। একটা জ্বারগার "হকার"রা বসতো। যে জ্বারগায় বসতো সেটা একটা চওড়া রাস্তা—লোক চলাচলের কোন অস্ববিধা হতো না। একদিন দেখা গেল পর্নালশ ভাদের তলে দিয়েছে। ঐ এলাকার 'ডি সি''কে বলেছিলাম এই বিষয়ে। 'ণ্ডি সি'' রা**জ**ী নন। তিনি বললেন বে "কনজেসন" হয়, ওখানে रमत्र एम थर। शत्र ना। किन्छु किन्द्र मिन वाएम एमीच সেই লোকগ্রলো আগের মত আবার বস**ছে—ছিল্লাসা** করে জানতে পারলাম তারা দৈনিক দ্ টাকা দিরে "लाकाल" भीलामत काছ थाक वान्मावरू कत्राह्म। এই রকম হাজার হাজার ঘটনা আছে। এই জিনিষ্টা আমি বিশেষভাবে উপলব্ধি করি কারণ আমি দরিদ্র মধাবিত ঘরের ছেলে। বর্তমানে আমরা বে সমাজ ব্যবস্থাব মধ্য দিয়ে চলেছি সেই সমাজের মাথার উপর এমন সমস্ত লোক বসে আছেন বাঁদের দরিদ্র জনসাধাবণের প্রতি মোটেই সহান,ভূতি নাই। বেকার সমস্যার সমাধান যদি করতে হয় তাহলে একটা স্তুঠ, পবিকল্পনা গ্রহণ করা দরকার শাদও আমি বলছি না যে এটা এক্ষণি সমাধান হয়ে যাবে কিন্তু আমাদের প্রকৃত রাস্তা বের করতে হবে। **রাজ্ঞাপালের** ভাষণের মধে। তাঁদের প্রতি সহান<sub>্</sub>ভৃতি আ**ছে বটে** কিন্তু তার মধ্যে এমন কিছু নাই যার ম্বারা এটা প্রবীকার করা হয় যে "আনএম লয়মেন্ট" বাংলাদেশের সবচেয়ে বড় "প্রনেপেম"।

[6-45-6-55 p.m.]

আমাদের কন্থিট্সনে যে ফাণ্ডামেণ্টাল রাইটের कथा वना इरसर्छ,--रमशास श्राराक लाकित काल পাবার একটা গ্যারাণ্টি নাই। বর্ত্তমানের সামা**জিক** অবস্থায়, যে কাঠামোর শ্বারা ইংরেজ ভারতবর্ষে भाजन जीलरा लाख स्तरे स्तरे भारताना काठार**ारे** আজকার নতুন অবস্থাতেও যদি চালানো হয় তাহ'লে প্রত্যেক ব্যাপারেই একটা বিদ্রান্তি ও বিফলতা আসবে। এবং সেই বিফলতা আজ অনেক বিষয়েই এসে যাছে। যখন আপনি মনে করেন দেশের উল্লাত মানে মধাবিত্ত, শ্রমিক ও কুষকের উল্লাত তথন আমরা দেখতে পাচ্ছি কি? যদি একট, বিচার কারে দেখেন তাহ'লে দেখতে পাবেন প্রত্যেক জায়গায়ই বেকারের সংখ্যা অত্যধিক বেড়ে যাছে। অন্যান্য ন্বাধীন দেশে আনএম লয়মেণ্ট ডোল তো দেয়ই. তাছাড়া আরও অনেক কিছ্ব বেকারদের জন্য করা হয়। যেসব দেশের কথা বললে ওঁরা (অপ্যালী স্বারা करताम मलाक एमथारेगा। जाम मत्न करतन ना धवर অত্যদত অস্ত্রিধা বোধ করেন সেসব দেশের কথা না বলেও অন্যান্য যেসব দেশে গণতান্ত্রিক সরকার হ'যেছে, নবওয়ে, ডেনমার্ক প্রভৃতি দেশে আন-এমব্লরমেণ্ট ডোল তো দেরই তাছাড়া মধ্যবিত্ত ও যারা সামানা রোজগার করে তাদের পরিবারের বে গৃহিনী তার জনা আলাদা বন্দোবসত আছে। ধর্ন, একটা পরিবারে তিনটি ছেলে : বিদ্যালয়ে গেলে হয়ত দুইটির প্রো মাহিনাই দিতে হয় আর একটির দিতে হর না। বেমন আর সেই অনুসারে তাদের শিক্ষা, চিকিৎসা প্রভৃতির ব্যবস্থা সরকার ক'রে দেন। সর্ব্বতই এই রকমভাবে বারা গরীব দরিদ্র পরিবার তারা বাতে শিক্ষা পেতে পারে, খেরে বে'চে থাকতে পারে, সেই সব ব্যবস্থা ভেট করছে। কিন্তু আমাদের 139

[Si. Hemanta Kumar Basu.] क्यात्न क विश्वत्व कान भित्रकम्भनारे एम्थी ना। छेल्हे। खामाएनद अधारन एमधी स्वयंन कमानी भीत-কলপুনা, দেখলেই আমাদের ভয় হয় যেন একটা রাক্ষস বিকট মুখ ব্যাদান ক'রে কোটি কোটি টাকা গ্রাস ক'রে খাচেছ। কত ছোট ছোট হাজার হাজার চ্যমীর বাড়ী ছর জাম উৎখাত কারে এই কল্যাণী শহর হ'চ্ছে। এই শহর ক'রে কি হবে? কোলকাতা যে বিরাট শহর ভাকে রক্ষা করাই কঠিন হবে ষেরকম ভারত গ্রন্থপ্রেন্টের নেক নম্বর। তাতে কর্তাদন যে এই সব कार-कादवाद अथात- थाकरव वना यात्र ना. यीम ना প্রাকে তবে কোলকাতাকে বাঁচানোই শন্ত ব্যাপার হ'য়ে পড়বে। তাই বলি চারদিকের গ্রামগর্নালকে ধরংস क'त्र भट्ट वाडात्ना किए नग्न। य ठोका मिकना ব্যর হবে তার চাইতে অনেক কম টাকায় গ্রামের রাস্তাঘাট, জল, স্বাস্থ্যের ব্যবস্থা যদি হ'ত তাহ'লে দেখতে পেতাম বাস্তবিকই দেশের উন্নতি হ'রেছে এবং সে গ্রামগ্রলিতে শহর ছেডে অনেক লোক গিয়ে বাস করত। তা না ক'রে তারা শহর গড়ারই প্লান ক'রেছেন। কিন্তু সেখানে কি ইন্ডাম্মী তাঁরা গ'ড়ে তলবেন? গুরা যে ইন্ডান্মী করবেন পরে হয়ত ভাল চলবে না। বাংলা যে শিল্প ন্বারা যে টাকা অর্জন করবে বিহার ও উডিষাা যদি সেই শিল্প গ'ডে তোলে ভাছ'লে প্রতিযোগিতার মূখে সেই শিল্প টিকবে কি ना एक क्याता? अनर्थक खक्क छ ठोका थत्रह इ'स्त ষাবে। বেমন ওঁদের ট্রান্সপোর্টের ব্যাপারে হাজার হাজার, লক্ষ লক্ষ টাকা খরচ হ'রে গেছে। আর কেবলই লোকসান হচ্ছে : রেলওয়ের একজন বড় অফিসারকে ৩,৫০০ টাকা মাইনে দিয়ে বসান হয়েছে। সেখানে এক্সপেরিমেণ্ট হচ্ছে। সেখানে তারা নিজেদের হাতের লোকদের টাকা দিচ্ছেন। ট্রলারের ব্যাপারও তাই। বাংলাদেশের লোক, মাছ পাচ্ছে না আর ওদিকে ব্ররা নিজেদের হাতের লোকদের কাজ দিচ্ছেন। জনসাধারণের সকলের সংখ্য মিলেমিশে একর কাজ ক'রে যারা একসপো কাজ করতে রাজী আছে তাদের নিয়ে যদি কাজ করা হয় তবেই দেশের প্রকৃত কল্যাণ হয়। আজ পর্যান্ত একটা স্ল্যান্ড ইকন্মি দেখাছ না। এ দেশের হালচাল এই দেশের মতনই হওয়া উচিত। আমরা যেমন গরীব আমাদের রাস্তা-খাট ও জল প্রভৃতি সব বিষয়ের বন্দোবসত যদি গরীবানামতেই হ'ত তাহ'লে ভাল হ'ত, তাহ'লে কোটি কোটি টাকার দরকার হ'ত না। একটা পরি-কল্পনা করতেই লাখ লাখ টাকা খরচ হয়ে যেত না। সেইজনা রাজাপালের ভাষণে আমার মনে হয় বাংলা-দেশের বারা মধ্যবিত্ত, দরিদ্র, যাদের কথা ডাঃ রায় বার বার বলেন তাদের সম্বন্ধে কোন স্পানিড ইন্ডাম্মীর আভাষ রাজ্ঞাপালের বন্ধতায় নাই। তানের সম্বন্ধে কোন উচ্চবাচ্য বাজেটেও থাকবে কি না कानि ना। किन्द्र कारथत कल एकरल किन्द्र इरव ना। তারপর লেবারের মধ্যেও যথেষ্ট ছাঁটাই আরম্ভ হ'য়ে গেছে। কারণ আর কিছুই নয় যারা মিল বা কাব-খানা চালাচ্ছে তারা যথেন্ট মোটা টাকা লাভ করবার জনাই চালাকে, গরীব বা শ্রমিকদের দঃখের প্রতি मत्रम निरप्त চালাচ্ছে ना। छात्रा हाम्र आधारमत कल কারখানার লাভের অধ্ক সবচেরে 'বেশী হোক। লেজনা প্রয়োজন হ'লে ছটিটে হর। নইলে খুব ষে ওভার প্রোডাকশন হ'রেছে, তা নর, দু'একটা বিষরে হ'তে পারে। কিন্তু আসল কথা যুম্পের সমর বে অভিরিক্ত লাভ নিক্তে যার হরত লাখ টাকা ছিল ভার

দশ কোটি টাকা হ'রে গেছে। আন্ধকের বান্ধারে লাভের অংক কমে যান্ধে ব'লে এরকমভাবে ছটিটেই হচ্ছে।

[6-55-7-5 p.m.]

যুদ্ধের সময় এক একজন যাদের ১ কোটি টাকা ছিল তারা ১০।২০ কোটি টাকা করে ফেলেছে। य সমস্ত धनी, वेड़ वेड़ "काि भिटा लिच्टे", बाजा ১ माथ টाका एक्टलएड जाएनत स्मर्टे 5 माथ 50 माथ কি ক'রে হ'ল? শ্রমিকের রক্ত জল করা পরিশ্রমের ফলেই এই অতিরিক্ত লাভ সম্ভব হয়েছে। সেই লাভটা কার পকেটে গেল? প্রমিকের পকেটে গেল না, শ্রমিক দিন দিন দৃত্বলৈ হয়ে গেল, তার জন্যে कान वावम्था द'न ना। े वहें 5 नक ग्रेका 50 नक কখনই হ'ত না যদি শ্রমিক পরিশ্রম না করত। অথচ আজ সেই শ্রমিককে গলাধারা দিয়ে বের করে দেওয়া হয়েছে। তারপর আজ সর্ম্বার দেখছি প্রমিকের উপর নানারকম জোর জ্ঞান্ম এবং অত্যাচার চলছে। "হোসিয়ারী" যে সমুস্ত মিল আছে, যেখানে বেশীর ভাগ মধ্যবিত্ত ছেলে কাজ করে তার প্রায় শতকরা ৯০ ভাগ বন্ধ হয়ে গেছে এবং সরকারের কোন সাহায্যের ব্যবস্থা নেই। একদিকে কিছু কিছু लाक छाकान श्टब्स्, किन्छ् अभन्न मिटक य वर्द्ध लक লক্ষ বেকার হয়ে পড়ছে তার দিকে কোন দৃষ্টি দেওয়া হচ্ছে না। এরকমভাবে গার্ডেন রীচ ওয়ার্ক'সপে প্রায় ১,৭০০ বেকার হয়ে গিয়েছে। প্রায় সমুহত ছোট বড় কারখানায় আরু বেকার সমস্যা एम्था पिरश्र**ए**। शाल्यानियाम काङ्गेती व्यव उत्प्रण বেণ্গল-সেখানেতে "রিট্রেণ্ডমেণ্ট" হয়েছে শতকরা ৩০ জন। "প্লাশ ফ্যাক্টরী, বিস্কৃট ফ্যাক্টরী", ইত্যাদি ছোট ছোট কারখানায় যথেষ্ট পরিমাণে "রিট্রেণ্ডমেন্ট" হয়ে গিয়েছে। সব কারবারেই ওই একই অবস্থা। "আমি এন্ড নেভী স্টোর্স, হল এন্ড এ্যান্ডার্সন, ম্যানটন ব্রাদার্স" সব জায়গাতেই মধ্যবিত্ত বেকার হযে গিয়েছে। "ডাঃ রায়" হয়ত বলবেন 'ডোমরা খালি ধরংসাত্মক সমালোচনা কর।' কিন্ত এ যে একেবারে খাঁটি সতা। এদের দিকে আমরা যদি দুভিট না দিই তাহ'লে ঠিক প্রকৃত কথা বলা হবে না। যত বেকার হচ্ছে তার তুলনায় খুব কম লোকই কাজ পাচ্ছে। প্রতোক জায়গাতেই যথেষ্ট পরিমাণে বেকার দেখা যাচ্ছে। "টী"—চায়ের কারবার—এতে প্রায় ৭০ হাজাব লোক বেকার হতে চলেছে। অনেকগ্রলি "টী ই-ডাণ্ট্রী" বন্ধ হয়ে গিয়েছে। "জট"এতে প্রায় ১০ হাজার লোকেব চাকরী গিয়েছে: আরও ৩০ হাজারের যাবে। এই হচ্ছে বাংলাদেশের যে বর্তমান ভয়াবহ বেকার সমস্যা তার অবস্থা। জানিনে এই যে সমস্ত সমস্যা এর কিভাবে সমাধান হবে। সমস্যা সমাধানের কোন নিদর্শন আমরা দেখতে পাচ্ছিনে। মহামান্য রাজ্যপালের বস্তুতার মধ্যেও এ সমস্যা সমাধানের কোনো নিম্পেশ নেই। এই যে দিন দিন বেকারের সংখ্যা বেড়ে যাচ্ছে, আবার বাংলাদেশে যেভাবে লোকসংখ্যা বেড়েছে এবং বাড়বে এদিকে দৃষ্টি রেখে যাতে বেকার সমস্যা অত্যধিক না বেডে উঠে সেজন্য একটা "স্গানিং" বা পরিকল্পনা "কমিশন" নিয়োগ করা দরকার। মহামানা রাজ্ঞা-পালের ভাষণে তার কোন কথা নেই। বদি থাকত তব্রও লোকের মনে কিছ্টো আশা হ'ত। লোক বে धाक्यात अन्यकात शास्त्र आहा। आहा वर् द्वां वर् কোন কাজ পাছে না, অথচ সব রকম কাজ করতে ভারা প্রস্তৃত কিন্তু সরকার ব্যক্তথা করতে পারছেন ना। ठिक जारगकात भूजात्ना मधाजवावम्बात घरश

বাতে কতিপর ম্ভিমের লোকের প্রেটি

ন বার তার বাবস্থা এখনও হচ্ছে—তার মধে

ভঙ্ কতকগ্লি নিজেদের হাতের লোক থাকে যেমন

ক্রেমার কথ্ শ্রীবৃত হরিপদ চ্যাটাল্লণী বলেছেন।

ক্রেমার এদিক থেকে বলছি যেভাবে বেকার সমস্যা

নাম এদিক থেকে বলছি যেভাবে বেকার সমস্যা

ক্রেমার এই এলিনারা মণাল করছেন, কিন্তু

সেলে আপনারা অথথা গাভগোল পাকিয়ে তুলছেন।

ক্রেমার করে বাবস্থাই আপনাদের তাছে, এবং সেখানে

ক্রেমার সমাধান করবার জন্যে আমরা কিন্তু ওই বেকার

মস্যার সমাধান করবার জন্যে আমরা কিন্তু গৈন্থতৈ

্বিচ্ছনে সেজন্য আমি এই "এলমেন্ডমেন্টণটি

সাপনাদের সামনে উপস্থিত কর্মছ।

[7-5-7-15 p.m.]

## 8j. Rakhahari Chatterjee:

